

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

উত্তম চর্চা(Best Practices):

ক্রমিক নং	উত্তম চর্চার শিরোনাম	উত্তম চর্চার বিবরণ	ফলাফল
১.	বায়ামেট্রিক হাজিরা	প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্তারীদের নির্দিষ্ট সময়ে উপস্থিতি নিশ্চিত করণের জন্য বায়ামেট্রিক হাজিরা চালু করা হয়েছে।	সময়মত অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত হয়েছে।
২.	ই-ফাইলিং ও ই-মেইল এর সর্বোচ্চ ব্যবহার	অফিস ব্যবস্থাপনা কার্যক্রমকে বেগবান ও স্বল্প সময়ে করার জন্য ই-ফাইলিং ও ই-মেইল এর ব্যবহারকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে।	ফাইলিং কার্যক্রম ও পত্র আদান প্রদান স্বল্প সময়ে ও দ্রুত শেষ করা সম্ভব হচ্ছে।
৩.	সেবা প্রদান কার্যক্রম	তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ও ফ্রন্ট ডেস্ক কার্যক্রমের মাধ্যমে সেবা গ্রহীতাগণকে সহজে সেবা প্রদান করা হচ্ছে।	সেবা গ্রহীতাগণ সহজে সেবা পাওয়ায় সন্তোষ প্রকাশসহ তাদের সংস্কৃতা দূর হচ্ছে।
৪.	ইন-হাউজ সভা	সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক ও সেবা কর্মকান্ডের পর্যালোচনা করার সুযোগ সৃষ্টি হচ্ছে।	কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক ও সেবা কর্মকান্ডের ত্রুটি বিচ্যুতি দূরীকরণসহ সেবার মান বৃদ্ধি পাচ্ছে।
৫.	বিদ্যুৎ অপচয় রোধ	বিদ্যুৎ অপচয় রোধে বিভিন্ন অফিস কক্ষের বাতি, ফ্যান, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি অযথা চালু না রাখাসহ অফিস ত্যাগের সময় খেয়াল করে তা বন্ধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ ও সতর্কীকরণ করা হচ্ছে।	সংশ্লিষ্ট সকলে সচেতন হওয়ায় অযথা বিদ্যুৎ অপচয় অনেকাংশে কমে এসেছে।
৬.	পরিবেশ বান্ধব অফিস দ্রব্য ব্যবহার	অফিস দ্রব্য ক্রয় ও ব্যবহারে পচনশীল জিনিস সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ ও সতর্কীকরণ করা হয়।	সংশ্লিষ্ট সকলে সচেতন হওয়ায় পরিবেশ বিধ্বংসী জিনিস সংগ্রহ ও ব্যবহার অনেকাংশে কমে এসেছে।
৭.	সযত্নে অফিস ইকুইপমেন্ট ব্যবহার	সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্তারীগণকে অফিস ইকুইপমেন্টসমূহকে যত্নসহকারে ব্যবহার করার জন্য পরামর্শ ও সতর্কীকরণ করা হয়।	ইকুইপমেন্টসমূহ যত্নসহকারে ব্যবহার করায় এর আয়ুষ্কাল বৃদ্ধিসহ টেকসই হচ্ছে।
৮.	অফিস আদেশ ওয়েবসাইটে নিয়মিত আপলোডকরণ	আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্তারীগণকে দৈনিক অফিস আদেশসমূহ ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার জন্য দায়িত্ব দেয়া হয়েছে।	সংশ্লিষ্ট সকলে ওয়েবসাইটে আপডেটকৃত অফিস আদেশসমূহ পাওয়ায় সন্তুষ্ট রয়েছে।
৯.	এপিএ ও এনআইএস লক্ষ্যমাত্রা অর্জন	সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্তারীগণকে এপিএ ও এনআইএস লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রমসমূহ গুরুত্ব সহকারে করার জন্য পরামর্শ ও নির্দেশনা দেয়া হয়।	এর ফলে অধিদপ্তরের সামগ্রিক কর্মকান্ডে গতি ও শৃংখলা বৃদ্ধি পেয়েছে।
১০.	সিসি ক্যামেরা স্থাপন	প্রতিষ্ঠানে বিভিন্ন প্রকার চুরি, মালামাল হারানো ইত্যাদি রোধ এবং অফিস কর্মকান্ড পর্যবেক্ষণ এর জন্য সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।	সিসি ক্যামেরা স্থাপনের মাধ্যমে প্রতিষ্ঠানের নিরাপত্তা বহুলাংশে নিশ্চিত হয়েছে।
১১.	“আমি ও আমার প্রতিষ্ঠান দূর্নীতিমুক্ত” স্টিকার ব্যবহার	শিরোনামে উল্লেখিত স্টিকারটি প্রতিষ্ঠানের বিভিন্ন স্থানে লাগানো হয়েছে।	প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্তারীগণের মধ্যে নৈতিকতা ও সততার চর্চা বৃদ্ধি পেয়েছে।

(স্বাক্ষর: মোঃ খুরশিদ আলম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা-১২০৭